



ঢাকা-১৭ আসনের উপাসনালয়ে আর্থিক সহায়তা দিলেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

ঢাকা-১৭ আসনের বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য আর্থিক সহায়তা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মসজিদ ও মাদ্রাসার পাশাপাশি আসন্ন শারদীয় দুর্গাপূজাকে সামনে রেখে মন্দিরগুলোকেও এ সহায়তার আওতায় আনা হয়েছে।

শুক্রবার (১১ সেপ্টেম্বর) বিকেলে গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট মসজিদ ও মন্দিরের প্রতিনিধিদের কাছে অনুদানের চেক হস্তান্তর করা হয়। এদিন ঢাকা-১৭ আসনের ২৮টি মসজিদের জন্য প্রতিটিতে ২ লাখ ৪৭ হাজার টাকা করে অনুদান বরাদ্দ দেওয়া হয়। একই সঙ্গে দুর্গাপূজার প্রস্তুতির জন্য ১০টি মন্দিরকে দেওয়া হয়েছে ৩ লাখ টাকা করে। সব মিলিয়ে মন্দিরগুলোর জন্য অনুদানের পরিমাণ ৩০ লাখ টাকা।

ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর বিভিন্ন কার্যক্রমে সহায়তা এবং শারদীয় দুর্গাপূজার আয়োজন যাতে নির্বিঘ্নে সম্পন্ন হয়, সে উদ্দেশ্যেই এই অর্থ দেওয়া হয়েছে বলে জানা গেছে।